আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে যমযম পান করিয়েছি। তিনি দাঁড়িয়ে তা পান করেছেন।

ইবনে আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন, ‘আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে যমযমের পানি পান করিয়েছি। তিনি তা দাঁড়িয়ে পান করেছেন।নায্যাল ইবনে সাবরাহ রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন, কুফা নগরীর ‘রাহবাহ’র দ্বারপ্রান্তে আলী রাদিয়াল্লাহু ‘আনহু এসে দাঁড়িয়ে পানি পান করলেন এবং বললেন, ‘আমি
নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ঠিক এভাবে (পান) করতে দেখেছি, যেভাবে তোমরা আমাকে (পান) করতে দেখলে।’ আমর ইবনে শুআইব তার বাবা থেকে, আর তার বাবা তার দাদা থেকে বর্ণনা করেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দাঁড়িয়ে ও বসে পান করতে দেখেছি।
[হাসান] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

ইবনে আব্বাস সংবাদ দিচ্ছেন যে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে যমযমের পানি পান করিয়েছেন। তিনি তা দাঁড়িয়ে পান করেছেন। আর আলী ইবনে আবু তালিবও দাঁড়িয়ে পান করেছেন এবং বলেছেন: তোমরা আমাকে যেরূপ করতে দেখেছ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামও সেরূপ করেছেন। একই সংবাদ দিয়েছেন আব্দুল্লাহ ইবনে আমর রাদিয়াল্লাহু আনহুমা তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দাঁড়িয়ে ও বসে উভয় অবস্থায় পান করতে দেখেছেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4300